

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৩

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আসর ও ফজরের পর সালাত আদায় করা মাকরহ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الصَّلاَةِ بَعْدَ الْعَصْرِ وَبَعْدَ الْفَجْرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيع، حَدَّثَنَا هُشَيْمٌ، أَخْبَرَنَا مَنْصُورٌ، وَهُوَ ابْنُ زَاذَانَ عَنْ قَتَادَةَ، قَالَ أُخْبَرَنَا أَبُو الْعَالِيَةِ، عَن ابْن عَبَّاسِ، قَالَ سَمِعْتُ غَيْرَ، وَاحِدِ، مِنْ أَصْحَابِ النَّبيّ صلى الله عليه وسلم مِنْهُمْ عُمَرُ بْنُ الْخَطَّابِ وَكَانَ مِنْ أَحَبِّهِمْ إِلَىَّ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم نَهَى عَن الصَّلاَةِ بَعْدَ الْفَجْرِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَعَن الصَّلاَةِ بَعْدَ الْعَصْر حَتَّى تَغْرُبَ الشَّمْسُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيِّ وَابْنِ مَسْعُودٍ وَأَبِي سَعِيدٍ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ وَأَبِي هُرَيْرَةَ وَابْنِ عُمَرَ وَسَمُرَةَ بْنِ جُنْدَبٍ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَمُعَاذِ بْنِ عَفْرَاءَ وَالصُّنَابِحِيِّ وَلَمْ يَسْمَعْ مِنَ النَّبِيِّ صلى الله عليه وسلم وَسَلَمَةَ بْن الْأَكْوَع وَزَيْدِ بْن ثَابِتِ وَعَائِشَةَ وَكَعْبِ بْنِ مُرَّةَ وَأَبِي أُمَامَةَ وَعَمْرِو بْنِ عَبَسَةَ وَيَعْلَى بْنِ أُمَيَّةَ وَمُعَاوِيَةَ. قَالَ أَبُو عِيسَى حَدِيتُ ابْن عَبَّاسِ عَنْ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ قَوْلُ أَكْثَرِ الْفُقَهَاءِ مِنْ أُصنْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ أَنَّهُمْ كَرِهُوا الصَّلاَةَ بَعْدَ صَلاَةِ الصُّبْح حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَبَعْدَ صَلاَةِ الْعَصْر حَتَّى تَغْرُبَ الشَّمْسُ وَأُمَّا الصَّلَوَاتُ الْفَوَائِتُ فَلاَ بَأْسَ أَنْ تُقْضَى بَعْدَ الْعَصْر وَبَعْدَ الصُّبْحِ . قَالَ عَلِيٌّ بْنُ الْمَدينِيّ قَالَ يَحْيَى بْنُ سَعِيد قَالَ شُعْبَةُ لَمْ يَسْمَعْ قَتَادَةُ مِنْ أَبِي الْعَالِيَةِ إِلاَّ ثَلاَثَةَ أَشْيَاءَ حَديثَ عُمَرَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم نَهَى عَنِ الصَّلاَةِ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَغْرُبَ الشَّمْسُ وَبَعْدَ الصُّبْح حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَحَدِيثَ ابْنِ عَبَّاسِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لا يَنْبَغِي لأَحَدِ أَنْ يَقُولَ أَنَا خَيْرٌ مِنْ يُونُسَ بْن مَتَّى ". وَحَدِيثَ عَلِيّ " الْقُضَاةُ ثَلاَثَةٌ ".

বাংলা



১৮৩. আহমদ ইবনু মানী (রহঃ) ..... ইবনু আব্বাসরাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, একাধিক সাহাবী যাঁদের মধ্যে উমর রাদিয়াল্লাহু আনহু অন্যতম, আর তিনি ছিলেন আমার নিকট তাঁদের সবার চাইতে প্রিয় এর নিকট থেকে শুনেছি যে, ফজরের পর সূর্য না উঠা পর্যন্ত এবং আসরের পর সূর্য অন্ত না যাওয়া পর্যন্ত সালাত আদায় করতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন। - ইবনু মাজাহ ১২৫০, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, ইবনু মাসউদ, উকবা ইবনু আমির, আবূ হুরায়রা, ইবনু উমর, সামুরা ইবনু জুনদাব, আদুল্লাহ ইবনু আমর, মুআ'য ইবনু আফরা, সুনাবিহী-ইনি সরাসরি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হাদিস শুনেননি, সালামা ইবনুল আকওয়া, যায়দ ইবনু ছাবিত, আয়িশা, কাব ইবনু মুররা, আবূ ইমাম, আমত ইবনু আবাসা, ইযালা ইবনু উমায়া এবং মুআ'বিয়া রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিছ বর্ণিত আছে।

ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ উমর রাদিয়াল্লান্থ আনহু সূত্রে ইবন আব্বাস রাদিয়াল্লান্থ আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ও পরবর্তী ফকীহগনের অধিকাংশের অভিমত এ-ই। তাঁরা ফজরের পর সূর্য না উঠা পর্যন্ত, আসরের পর সূর্য অন্ত না যাওয়া পর্যন্ত, (নফল) সালাত করা মাকরুহ বলে সিদ্ধান্ত দিয়েছে। তবে আসর ও ফজরের পর কায়া সালাত পড়ায় কোন দোষ নাই। ইয়াহইয়া ইবনু সাঈদের সূত্রে আলী ইবনুল মাদীনী (রহঃ) বর্ণনা করেন যে, শা'বা বলেছেন আবূল আলিয়া থেকে কাতদা তিনটি হাদিসই শুনেছেন এক, উমর রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিস যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসরের পর সূর্য না যাওয়া পর্যন্ত, ফজরের পর সূর্য না উঠা পর্যন্ত সালাত আদায় করতে নিষেধ করেছেন। দুই, ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিস যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন আমাকে ইউনুস (আলাইহি ওয়াসাল্লাম) ইবনু মান্তা থেকে উত্তম বলা সমীচীন নয়। তিন, বিচারকগণ তিন ধরনের এই সম্পর্কিত আলী রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিস।

## **English**

Ibn Abbas narrated:

"I head more than one of the Companions of the Prophet; Umar bin Al-Khattab among, and he was one of the most beloved among them to me -(narrating) that Allah's Messenger prohibited the Salat after Fajr until the sun had risen, and the Salat after Asr until the sun had set."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন